দৈনিক ইত্তেফাক

তারিখ ... 2 1 FEB 2017 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... 2 ...

# পটুয়াখালী প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে স্থানীয় ছাত্রলীগের মহড়া

■ পবিপ্রবি (পটুয়াখালী) সংবাদদাতা

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পবিপ্রবি) ক্যাম্পাসে মোটরসাইকেল নিয়ে গতকাল সোমবার সকালে ঝটিকা মহড়া দিয়েছে স্থানীয় ছাত্রলীগ নেতারা। এসময় তারা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার্থীদের উদ্দেশ করে উস্কানিমূলক স্লোগান দিতে থাকে। বিশ্ববিদ্যালয়ের প্রথম গেইটে দায়িত্বরত নিরাপত্তা প্রহরী জানান, সকাল ৯টার দিকে কয়েকজন বহিরাগত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মোটরসাইকেল নিয়ে প্রবেশ করে বিভিন্ন ধরনের উস্কানিমূলক স্লোগান দিয়ে দ্রুত চলে যায়। এদিকে ঝটিকা মহড়াটি স্থানীয় ছাত্রলীগই দিয়েছে বলে আঙ্গারিয়া ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক ইমাম মাহ্দীর ফেসবুক স্ট্যাটাস থেকে নিশ্চিত হওয়া গেছে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর পূর্নেন্দু বিশ্বাস বলেন, আমি বিষয়টি শুনেছি। এএসপি (সার্কেল) মো. সাইফুল ইসলাম বলেন বিষয়টি আমরা গুরুত্বের সঙ্গে দেখছি এবং অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে। উল্লেখ্য, পবিপ্রবির পাঁচ শিক্ষার্থীকে জিম্মি করে নির্যাতনের ঘটনায় শিক্ষার্থীদের নিরাপত্তার দাবিতে উত্তপ্ত রয়েছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস।